



# FEED THE FUTURE

The U.S. Government's Global Hunger & Food Security Initiative

## কৃষি সম্প্রসারণ সেবায় জেভার ও পুষ্টিতে সমন্বয়করণ

একটিভিটি শিট


মার্চ-২০১৬

সময় :

৬০ - ৯০ মিনিট

প্রয়োজনীয় উপকরণ :

ফ্লিপ চার্ট, রঙ্গিন মার্কার রঙ্গিন চক, টেপ।



## কর্তৃত্বপরায়ণ ক্ষমতা বনাম বন্ধুসুলভ ক্ষমতা

### ভূমিকা

ক্ষমতা বিভিন্ন ধরনের হতে পারে। “কর্তৃত্ববাদী ক্ষমতা” মানুষের প্রতি নেতিবাচক মনোভাব থাকে যেমন- শক্তি প্রয়োগ, ক্ষমতার অপব্যবহার, বৈষম্য, নিপীড়ন করতে অভ্যস্ত হয়। অনেক পরিবারেই সম্পদ ও সিদ্ধান্ত নেয়ার একক ক্ষমতা থাকে পুরুষের। এ ক্ষেত্রে কর্তৃত্বপরায়ণ ব্যক্তি সিদ্ধান্ত নেয়ার বিষয়ে সাধারণত পরিবারের অন্যান্য সদস্যদের মতামতকে উপেক্ষা করে থাকে। এমনকি তারা সন্তানদের পুষ্টিকর খাদ্য, চিকিৎসা, জমি-জমার বিষয় ইত্যাদি ক্ষেত্রেও একক ক্ষমতা প্রয়োগ করে থাকে। সহনশীল ক্ষমতা হচ্ছে সে ধরনের ক্ষমতা যেটি পরিবারের অন্যান্যদের শক্তির সাথে মিলিত হয়ে একটি দৃঢ় শক্তিতে পরিণত হয়। সহনশীল নেতৃত্ব নিজেদের মধ্যে পার্থক্য থাকা স্বত্বেও তাদের সবার কাছে গ্রহণীয় বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে সিদ্ধান্ত নিয়ে থাকে। যদি পারস্পরিক সমর্থন, সংহতি এবং কাজের স্বীকৃতি দেয়া হয় সে ক্ষেত্রে একসাথে সফলভাবে কাজ করা সম্ভব। সম্প্রসারণ সেবাদানকারীদের এই বিভিন্ন ধরনের ক্ষমতা চিহ্নিতকরণ এবং এ সম্পর্কে জানা দরকার, যাতে তারা যে সকল নারী-পুরুষের জীবিকার পরিবর্তনে কাজ করছেন তারা যেন সঠিকভাবে তাদের ক্ষমতা সম্বন্ধে বুঝতে পারে এবং সিদ্ধান্ত নেয়ার ক্ষেত্রে সকলের জন্যে মঙ্গলজনক ও ন্যায্যসঙ্গত সিদ্ধান্ত নিতে পারে।

### উদ্দেশ্য

দুই ধরনের ক্ষমতা চিহ্নিতকরণ এবং এর প্রভাব পরীক্ষা করে দেখা।

### ধাপসমূহ

১. শুরুতেই ফ্লিপচার্টে কর্তৃত্বপরায়ণ ও সহনশীল বন্ধুসুলভ ক্ষমতার একটি তালিকা তৈরী করতে হবে। তালিকাটিতে নতুন বৈশিষ্ট্য যোগ করার জন্যে অংশগ্রহণকারীদের আমন্ত্রণ জানান।

### কর্তৃত্বপরায়ণ

বল প্রয়োগ

অপব্যবহার

বৈষম্য

নিপীড়ন

অন্যের মতামত বর্জন

নিয়ন্ত্রণের মানসিকতা

বধিত করা

### বন্ধুসুলভ

পারস্পরিক সমর্থন

সংহতি

মূল্যায়ন করা/স্বীকৃতি

সার্বজনীন

সহযোগীতা

সম্মান করা

আস্থা সৃষ্টি করা

সমন্বয় করা



This publication is made possible by the support of the American people through the United States Agency for International Development (USAID). The views expressed in this publication do not necessarily reflect the views of USAID or the United States Government.





২. অংশগ্রহণকারীদেরকে তাদের জন্ম তারিখ অনুযায়ী সারিবদ্ধ করতে হবে। প্রথমে দাঁড়াবেন যার জন্ম তারিখ ১লা জানুয়ারী আর সবশেষে দাঁড়াবেন যার জন্ম তারিখ ৩১ ডিসেম্বর। এরপর তাদেরকে ৪ জন করে ছোট ছোট দলে ভাগ করতে হবে।
৩. অংশগ্রহণকারীদেরকে নীচের/নিম্নোক্ত নির্দেশাবলী জানাতে হবে :-  
একজন সম্প্রসারণ সেবাদানকারী হিসেবে কর্তৃত্বপরায়ণ ও বন্ধুসুলভ ক্ষমতার ভিত্তিতে নারী ও পুরুষ কৃষকদের জন্যে একটি কর্মপরিকল্পনা বানাতে হবে। তাদেরকে ক্ষমতার পার্থক্য সহজে বোঝানোর জন্যে কিছু ছবি/চিত্র বা কিছু লেখা দিয়ে একটি চার্ট তৈরী করতে হবে।
৪. কাজটি করার জন্যে ছোট ছোট দলগুলোকে কাজটি করার জন্যে ৩০-৪৫ মিনিট সময় দিন। আবার একসাথে করে তাদের আঁকা চিত্র/ছবিটিকে ব্যাখ্যা করতে বলুন। এরপর তাদেরকে নীচের প্রশ্নগুলো করুন :

ক্ষমতা সম্বন্ধে নারী ও পুরুষের সাথে কথা বলার ক্ষেত্রে সবচেয়ে কঠিন কি ?  
নারী ও পুরুষের মিশ্র ও পৃথক দলের সাথে ক্ষমতার ব্যবহার নিয়ে আলোচনার ফলে তাদের মতামতের বিষয়ে আপনার কি অভিমত ? আপনার আচরণের মাধ্যমে আপনি কিভাবে আপনার কর্তৃত্বপূর্ণ ক্ষমতা প্রদর্শন করেন? আপনার আচরণের মাধ্যমে আপনি কিভাবে আপনার “বন্ধুত্বসুলভ ক্ষমতা” প্রদর্শন করেন?

৫. অংশগ্রহণকারীদের কার্যক্রমটির সারমর্ম জানানোর জন্যে নীচের প্রশ্নগুলো করুন :-  
কোন পদ্ধতিতে ও কাদের জন্যে আপনি এই কার্যক্রম পরিচালনা করবেন?  
আপনি এখানে কি পরিবর্তন আনতে পারেন ?

## Resources

INGENAES (2015) Introductory Workshop on Integrating Gender and Nutrition with Agricultural Extension Services. Facilitator's Guide. <http://dev.ingenaes.illinois.edu/wp-content/uploads/Gender-and-Nutrition-Facilitators-Guide.pdf>

Helen Keller International (2015) Nurturing Connections. Adapted for Homestead Food Production and Nutrition. Technical Resource Guide. Bangladesh p.p. 58 - 62. [www.fsnnetwork.org/sites/default/files/TOPS\\_Nurturing%20Connections\\_English\\_FINAL\\_P.pdf](http://www.fsnnetwork.org/sites/default/files/TOPS_Nurturing%20Connections_English_FINAL_P.pdf)

বাংলাদেশ ইনস্টিটিউট অফ আইসিটি ইন ডেভেলপমেন্ট (বিআইআইডি) কর্তৃক বাংলায় অনুদিত



Designed to be shared.

This work is licensed under a Creative Commons Attribution 3.0 Unported License. [creativecommons.org/licenses/by/3.0](http://creativecommons.org/licenses/by/3.0)

[www.ingenaes.illinois.edu/library](http://www.ingenaes.illinois.edu/library)

Prepared by Jan Henderson  
University of Illinois at Urbana-Champaign

Photo Credits: Jan Henderson & Kelly Davidson